

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

স্মারক নং ০৫.৪১.৬৭০৪.০০১.০৩.০০৩.২০২৩ - ১১২

তারিখ: ০৬/০৪/২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য অস্থায়ী প্রার্থীগণের নিকট দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদবী	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ জন	১৫,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণীর কামিল/ দাওরায়ে হাদিস পাস কোনো প্রতিষ্ঠানে বৃত্তিব, মুফতি বা মুহাজির হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ ই-কোরআন ও ইলমে কিরাত-এর ওপর দ্বিকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ ই-কোরআন অধিকার পাবেন। গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত বক্তৃতা পাঠ এবং ইসলামের উপর গবেষণাবহী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে।
০২	মুহাজির	০১ জন	১০,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কর্মী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন দ্বিকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুহাজির হিসেবে ০(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত-এর ওপর দ্বিকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অধিকার দেয়া হবে
০৩	খাদেম	০২ জন	৭,৫০০/-	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কর্মী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন দ্বিকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হবে। গ) সংশ্লিষ্ট/খাদিম হিসেবে ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে ক) নাম খ) পিতার নাম গ) স্থায়ী ঠিকানা ঘ) বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর ঙ) জন্ম তারিখ চ) জাতীয়তা (হ) শিক্ষাগত যোগ্যতা উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।
- আবেদনপত্রে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
- ক) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, (খ) সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্র (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সন্য তোলা তিন কপি রুহিন পাসপোর্ট সাইজের ছবি, (ঘ) জাতীয়পরিচয়পত্রের সত্যায়িত কপি (ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।
- পেশ ইমামকে জুমআর খুতবা এবং জুমআ ও ওয়াজিয়া ০৫ (পাঁচ) ওয়াজ নামাজের ইমামতি করতে হবে।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, সোনারগাঁ, নারায়ণগঞ্জ বরাবরে আগামী ১৭/০৪/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাক যোগে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ভূটিপূর্ণ বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- উপযুক্ত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা আগামী ১৬/০৪/২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।
- প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি, এ/ডি প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকারের সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- অস্থায়ী নিয়োগপ্রাপ্ত যে কোন ব্যক্তিকে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তার নিয়োগপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

মো: রেজওয়ান-উল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।